



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল এই সেইন্ট প্যাট্রিক দিবসে মাতাল হয়ে গাড়ি চালানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা ঘোষণা করলেন

স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 17 মার্চ থেকে 19 মার্চ বিশেষ মাতাল অবস্থায় গাড়ি চালানো (DWI) বলবৎকরণ পরিচালনা করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এই সপ্তাহান্তে সেইন্ট প্যাট্রিক দিবসের উৎসব চলাকালে মদ্যপ, মাতাল এবং বেপরোয়া গাড়ি চালানোর মোকাবেলা করতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা টহল বৃদ্ধি করবে। গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) অর্থায়িত বিশেষ এই ট্র্যাফিক বলবৎকরণ দফাটি 17 মার্চ, 2023, শুক্রবার শুরু হবে এবং 19 মার্চ, 2023, রবিবার পর্যন্ত চলবে।

এই বলবৎকরণ চলাকালে চালকেরা বাড়তি মাতাল অবস্থায় গাড়ি চালানো (driving while impaired, DWI) সংক্রান্ত টহল এবং সংযম পরীক্ষার চেকপয়েন্টের মুখোমুখি হতে পারে। এছাড়াও স্টেট পুলিশ হাতে ধরা বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করছে এবং অন্যমনস্ক চালকদের টিকেট প্রদান করবে এবং যেসব খুচরা স্থাপনা অপ্ৰাপ্তবয়স্কদের মদ্যপানকে এবং ক্যাম্পেইন চলাকালে অপ্ৰাপ্তবয়স্কদের কাছে অবৈধ বিক্রির লক্ষ্য করে থাকে, সেখানে চেক করবে।

"আমাদের বার্তা স্পষ্ট: আপনার যদি অ্যালকোহল দিয়ে সেইন্ট প্যাট্রিক দিবস উদযাপনের পরিকল্পনা থাকে, তাহলে নিরাপদে বাড়ি যাওয়ার পরিকল্পনা করুন," **গভর্নর হোকল বলেন।** "নিরাপত্তাকে প্রথমে রাখলে মাতাল অবস্থায় গাড়ি চালানোর ফলে হওয়া দুর্ঘটনাগুলি সম্পূর্ণ প্রতিরোধযোগ্য। আমরা কোনওভাবেই মাতাল অবস্থায় গাড়ি চালানো সহ্য করবো না, এবং পুরো সপ্তাহান্তে আইন প্রয়োগে বাইরে থাকা আমাদের স্টেট পুলিশ ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের আমি ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন এ. নিগ্ৰেলি বলেন, "একজন মাতাল বা অন্যমনস্ক চালকের কারণে একটি উদযাপন মুহূর্তে প্রাণঘাতী হয়ে উঠতে পারে। আপনি যদি উদযাপন করতে চান, অনুগ্রহ করে তা দায়িত্বশীলভাবে করুন। পূর্বপরিকল্পনা মাধ্যমে নিউ ইয়র্কের সড়ককে দেশের সবথেকে নিরাপদ সড়ক করতে

আমাদেরকে সাহায্য করুন। পান করে গাড়ি চালাবেন না এবং একজন সংযত চালক নির্ধারণ করুন। এটি একটি অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যা একটি জীবন রক্ষা করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির প্রধান মার্ক জে. এফ. শ্রোডার বলেন। "মাতাল অবস্থায় গাড়ি চালানো 100 ভাগ প্রতিরোধযোগ্য। উদযাপন করতে বের হওয়ার পূর্বে, দায়িত্বশীল হন। নিজেকে বা অন্যদের ঝুঁকিতে না ফেলে নিরাপদে বাড়ি ফেরার একটি পরিকল্পনা করে রাখুন। সাধারণ এই ধাপগুলি আমাদের রাস্তাঘাট নিরাপদ রাখতে এবং জীবন রক্ষা করতে সাহায্য করবে।"

গত বছরের সেইন্ট প্যাট্রিক দিবসের মাতাল অবস্থায় গাড়ি চালানো সংক্রান্ত বলবৎকরণের সময়, ট্রুপারগণ DWI এর জন্য 381 জনকে গ্রেফতার করেছে, অন্যমনস্ক হয়ে গাড়ি চালানোর জন্য 754টি এবং মোট 26,594টি টিকেট প্রদান করেছে।

মাতাল অবস্থায় গাড়ি চালানো আমাদের দেশে প্রতি বছর 11,600 মানুষের প্রাণ নেয়। প্রতি 45 মিনিটে একজন অ্যালকোহল সম্পর্কিত একটি সংঘর্ষে প্রাণ হারায়। অর্থাৎ, দিনে গড়ে প্রায় 32 জন, এবং এর মধ্যে প্রতিটি মৃত্যুই প্রতিরোধযোগ্য।

মাতাল অবস্থায় গাড়ি চালানোর সিদ্ধান্ত নিলে তা আপনার বা অন্য কারো জীবন নষ্ট করে দিতে পারে। এই সেইন্ট প্যাট্রিক দিবসে, যদি আপনি পান করে গাড়ি চালান, তাহলে আপনার জেল হতে পারে, আপনি লাইসেন্স হারাতে পারেন, আপনার বীমার হার বেড়ে যেতে পারে, এবং কয়েক ডজন অপ্রত্যাশিত ব্যয় হতে পারে। মাতাল অবস্থায় গাড়ি চালানো সংক্রান্ত জরিমানা 10,000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি আপনাকে নিম্নলিখিত সহজ ধাপ মেনে চলার আহ্বান করছে, যাতে করে আপনি রাস্তায় জীবনকে ঝুঁকিগ্রস্ত না করে নিরাপদে ছুটি উপভোগ করতে পারেন।

- উৎসব শুরু হওয়ার পূর্বে, রাত শেষে নিরাপদে বাড়ি ফেরার পরিকল্পনা করে রাখুন।
- পান শুরু কোয়ার পূর্বে, একজন সংযত চালক নিযুক্ত করুন বা আপনার গাড়ির চাবি বাড়িতে রেখে আসুন।
- আপনি যদি মাতাল হন, একটি ট্যাক্সি বা রাইডশেয়ারিং সেবা ব্যবহার করুন, একজন সংযত বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, বা গণপরিবহন ব্যবহার করুন যাতে করে আপনার নিরাপদে বাড়ি ফেরা নিশ্চিত করতে পারেন।
- উপলভ্য হলে, আপনার সম্প্রদায়ের সংযত যাত্রা কর্মসূচি ব্যবহার করুন।
- মাতাল অবস্থায় হাঁটা মাতাল অবস্থায় গাড়ি চালানোর মতোই বিপজ্জনক হতে পারে। আপনার সাথে হেঁটে আপনাকে বাড়ি পৌঁছে দেওয়ার জন্য একজন সংযত বন্ধু নির্ধারণ করুন।
- আপনি যদি রাস্তায় কোনও মাতাল গাড়িচালক দেখেন, স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীকে ফোন করুন। আপনি হয়তো একটি জীবন রক্ষা করতে পারবেন।

GTSC এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশের STOP-DWI ফাউন্ডেশনের "[হ্যাভ এ প্ল্যান \(Have a Plan\)](#)" [মোবাইল অ্যাপটি](#) অ্যাপল, ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য উপলভ্য আছে। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের সনাক্ত করতে এবং একটি ট্যাক্সির পরিষেবাকে কল করতে এবং একটি মনোনীত গাড়ি চালকের তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এছাড়াও এটি DWI আইন এবং অনুশীলন সংক্রান্ত তথ্য এবং সন্দেহভাজন মাতাল চালকের ব্যাপারে অভিযোগ করার একটি উপায় প্রদান করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418